

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-৩২.০১.৪৯১৮.০০০.১৬.০৬৫.১৮- ৯০

তারিখঃ ১৭ সেপ্টেম্বর ২০২৪ খ্রি।


“ভর্তি বিজ্ঞপ্তি”

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম কর্তৃক বাস্তবায়িত মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) রাজস্ব কর্মসূচির আওতায় ২০২৪-২৫ অর্থ বছরের অক্টোবর/২৪ হতে ডিসেম্বর/২০২৪ পর্যন্ত (০৩ মাসের জন্য) শুধু মাত্র মহিলাদের নিকট হতে নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	ট্রেডের নাম	মেয়াদ কাল	আসন সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বয়স
১	২	৩	৪	৫	৬
০১	দর্জি প্রশিক্ষণ	০৩ মাস	৩০ জন	ন্যূনতম ৮ম শ্রেণী পাশ	১৬-৪০ বৎসর

শর্তাবলী :

- ০১। ভর্তি ইচ্ছুক প্রশিক্ষণার্থীদেরকে অফিস থেকে আবেদন ফরম সংগ্রহ ও পূরণ পূর্বক আগামী ১৮/০৯/২৪ খ্রি. হতে ২৫/০৯/২০২৪ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি জমা দিতে হবে। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ০২। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি, সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, জন্ম নিবন্ধন অনলাইনে/ জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এর কপি জমা দিতে হবে।
- ০৩। ফুলবাড়ী উপজেলার অগ্রহী প্রার্থীগণ উপরোক্ত প্রশিক্ষণ কোর্সের জন্য আবেদন করতে পারবেন।
- ০৪। ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।
- ০৫। প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক মহিলাদেরকে শারীরিকভাবে সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। অবিবাহিত /তালাক প্রাপ্ত/ দুঃস্থ অসহায়/ বিধবা ও স্বামী পরিত্যক্তা মহিলাগণ ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। কোন সংক্রামক বা ছোঁয়াচে / অন্তসত্ত্বা/ রোগাক্রান্ত মহিলাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৬। প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীদের কোন আত্মীয়-স্বজন এবং শিশু সন্তান সাথে থাকতে পারবে না।
- ০৭। প্রশিক্ষণ চলাকালে প্রশিক্ষণ কেন্দ্রের বিধি বিধান ও প্রশিক্ষণ কর্মসূচির নিয়ম শৃংখলা মেনে চলতে হবে।
- ০৮। আবেদনকারীর ভর্তি পরীক্ষা আগামী ২৬/০৯/২০২৪ খ্রি. রোজ: বৃহঃবার সকাল ১১.০০ টায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম-এ অনুষ্ঠিত হবে। উক্ত তারিখ ও সময়ে সকল আবেদনকারীকে উপস্থিত থাকতে হবে। ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আলাদা কোন কার্ড ইস্যু করা হবে না।
- ০৯। ভর্তি পরীক্ষার ফলাফল ৩০/০৯/২০২৪ খ্রি. নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেয়া হবে।
- ১০। বিস্তারিত যে কোন তথ্যের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


(মোছাঃ সোহেলী পারভীন)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থেঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
- ২। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুড়িগ্রাম।
- ৩। চেয়ারম্যান,ইউপি (সকল) ফুলবাড়ী, কুড়িগ্রাম (বিজ্ঞপ্তিটি জনস্বার্থে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। নোটিশ বোর্ড।